তারিখ 24 JUN 2016
পৃষ্ঠা 6 কলাম 2

কালের কণ্ঠ

# আরো দুটি পাবলিক বিশ্ববিদ্যালয় হচ্ছে

**নিজস্ব প্রতিবেদক ▷**

দেশে আরো দুটি পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের নীতিগত সিদ্ধান্ত নিয়েছে সরকার। দুটিই হবে বিশেষায়িত বিশ্ববিদ্যালয়। একটি নেত্রকোনায় ও অন্যটি জামালপুরে। দেশে বর্তমানে ৩৭টি পাবলিক ও ৯৫টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। বাস্তবায়নের প্রক্রিয়ায় রয়েছে ছয়টি বিশ্ববিদ্যালয়। নতুন দুটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে দেশে পাবলিক 'বিশ্ববিদ্যালয়ের সংখ্যা দাঁড়াবে ৪৫টিতে।

নেত্রকোনা ও জামালপুরে নতুন দুটি পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়টি নিশ্চিত করেছেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) মো. হেলাল উদ্দিন। কালের কণ্ঠকে তিনি জানান, এই দুটি স্থানে বিশেষায়িত বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নীতিগতভাবে অনুমোদন দিয়েছেন। এখন বিশ্ববিদ্যালয় দুটি স্থাপনের আনুষঙ্গিক প্রক্রিয়া শুরু হবে।

নেত্রকোনার বিশ্ববিদ্যালয়টি হবে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। এটি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে প্রতিষ্ঠিত হবে। নেত্রকোনার রাজুরবাজার এলাকায় বিশ্ববিদ্যালয় স্থাপনের সম্ভাব্য জায়গা প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে বলে জানা গেছে।

জামালপুরে হবে 'বঙ্গমাতা শেখ ফজিলাতুননেসা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়'। জামালপুরের শেখ ফজিলাতুননেসা মুজিব ফিসারিজ কলেজকেই নতুন বিশেষায়িত বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হচ্ছে বলে জানা গেছে।